
# বোর্ডিং ব্রিজে বিমানের ধাক্কা, ফ্লাইট বিলম্বিত

- A Monitor Desk Report

Date: 29 October, 2025



**সিলেটঃ সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে লন্ডনগামী বাংলাদেশ বিমানের ফ্লাইট বিজি-২০১-এর ইঞ্জিনের সঙ্গে বোর্ডিং ব্রিজের ধাক্কা লেগেছে। এতে ফ্লাইটটির যাত্রা বিলম্বিত হচ্ছে।**

বুধবার (২৯ অক্টোবর)সকাল সাড়ে ১০টার দিকে এ ঘটনা ঘটে।

বিমানবন্দর সূত্রে জানা যায়, বিজি-২০১ ফ্লাইটের বোয়িং ৭৮৭ ড্রিমলাইনারটি যাত্রী বোর্ডিংয়ের সময় বোর্ডিং ব্রিজে ধাক্কা খায়। এতে বিমানের একটি ইঞ্জিনের অংশ ক্ষতিগ্রস্ত হয়।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রকৌশলীরা বিমানের প্রযুক্তিগত অবস্থা পরীক্ষা করছেন। পরীক্ষা শেষে সিদ্ধান্ত নেওয়া হবে, বিমানটি উড্ডয়নের উপযোগী কিনা।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রকৌশল বিভাগ জানিয়েছে, ক্ষতিগ্রস্ত বিমানের ইঞ্জিন ও কাঠামোগত অংশ পরীক্ষা শেষে প্রয়োজনীয় মেরামত করা হবে।

ওসমানী বিমানবন্দরের পরিচালক হাফিজ আহমদ জানান, ফ্লাইটটির ইঞ্জিনে বোর্ডিং ব্রিজের ধাক্কা লাগায় নিরাপত্তার স্বার্থে বিমানটি পরীক্ষা করার সিদ্ধান্ত নেওয়া হয়। ফলে বিজি-২০১ ফ্লাইটটি বাতিল করা হয়েছে। বিকল্প হিসেবে ঢাকা থেকে আরেকটি বিমান আনা হচ্ছে এবং দুপুরে যাত্রীদের সেই ফ্লাইটে লন্ডনে পাঠানো হবে।

তবে এ ঘটনায় বিমানের ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও  নির্ধারণ করা যায়নি বলে জানিয়েছেন তিনি।

এদিকে, ফ্লাইট বিলম্বিত হওয়ায় বিপাকে পড়েছেন লন্ডনগামী ২৬২ যাত্রী। সকাল থেকে তারা বিমানবন্দরে বসে আছেন।

-B